

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১১

তারিখ : ডিসেম্বর ৩১, ২০১৫
পৌষ ১৭, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের অফিসিয়াল সোস্যাল মিডিয়া (ফেইসবুক, টুইটার, ইউটিউব) ব্যবহার প্রসঙ্গে

বাংলাদেশের ডিজিটাল অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের গতিধারায় বাংলাদেশ ব্যাংকের ২য় কৌশলগত পরিকল্পনা ২০১৫-১৯ (ref: Action Plan# 12.2.c) বাস্তবায়ন এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জনসম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে সামাজিক যোগাযোগের জনপ্রিয় মাধ্যম হিসেবে সম্প্রতি আনুষ্ঠানিকভাবে অত্র ব্যাংকের নিজস্ব ফেইসবুক, টুইটার ও ইউটিউব চ্যানেল উদ্বোধন করা হয়েছে। অনলাইনভিত্তিক সামাজিক যোগাযোগের মাধ্যমে এখন থেকে বাংলাদেশ ব্যাংকের সকল স্টেকহোল্ডার বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আরো নিবিড়ভাবে সম্পৃক্ত/অবগত থাকার সুযোগ পাবেন বলে আশা করা যায়।

বাংলাদেশ ব্যাংকের একমাত্র অফিসিয়াল সোস্যাল মিডিয়া প্ল্যাটফর্ম হিসেবে নিম্নলিখিত লিংকগুলোর মাধ্যমে সংশ্লিষ্ট সাইটে প্রবেশ করা যাবে। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হোমপেইজ (<https://www.bb.org.bd/>) থেকে নির্ধারিত আইকন ক্লিকের মাধ্যমেও সংশ্লিষ্ট সোস্যাল মিডিয়া লিংকগুলোতে প্রবেশ করা যাবে।

১. ফেইসবুক পেজ- Bangladesh Bank-The Central Bank of Bangladesh
ওয়েব লিংক: <http://www.facebook.com/BangladeshBankOfficial/>
২. টুইটার একাউন্ট- BB Governor
ওয়েব লিংক: <http://twitter.com/BBGovernor>
৩. ইউটিউব চ্যানেল- Bangladesh Bank
ওয়েব লিংক: <https://www.youtube.com/c/BangladeshBankOfficial>

উল্লিখিত লিংকগুলো ব্যতীত বাংলাদেশ ব্যাংকের নামে প্রচলিত অন্যান্য সোস্যাল মিডিয়া পেইজ/একাউন্ট/চ্যানেল বাংলাদেশ ব্যাংকের অফিসিয়াল সোস্যাল মিডিয়া প্ল্যাটফর্ম হিসেবে বিবেচিত হবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৮

E-mail: shah.alam@bb.org.bd